

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৭৮

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - ইয়ামান ও শাম (সিরিয়া) দেশের বর্ণনা এবং উওয়াইস করানী-এর আলোচনা

اَلْفصنْلُ الثَّالِثُ ( بَابِ تَسْمِيَة من سمي من أهل الْبَدْر فِي «الْجَامِعِ لِلْبُخَارِيِّ» )

## আরবী

وَعَنْ رَجُلٍ مِنَ الصَّحَابَةِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: سَتُفْتَحُ الشَّامُ فإذا خُيِّرْتم المنازلَ فِيهَا فَعَلَيْكُم بِمَدِينَة يُقَالَ لَهُ دِمَشْقُ فَإِنَّهَا مَعْقِلُ الْمُسْلِمِينَ مِنَ الْمَلَاحِمِ وَفُسْطَاطُهَا مِنْهَا أَرْضٌ يُقَالُ لَهَا: الْغُوطَةُ . رَوَاهُمَا أَحْمَدُ

صحیح ، رواه احمد (4 / 160 ح 17609 فیم ابوبکر بن ابی مریم ضعیف و لحدیثم شواهد عند ابی داود (4298) و سنده صحیح) وغیره وبها صح الحدیث ۔ (ضَعِیف)

#### বাংলা

৬২৭৮-[১৩] জনৈক সাহাবী হতে বর্ণিত যে, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: অদূর ভবিষ্যতে সিরিয়া বিজয় হবে। অতএব যখন তোমাদেরকে সে স্থানে অবস্থানের সুযোগ দেয়া হবে, তখন তোমরা 'দামিশক' নামীয় শহরকেই গ্রহণ করবে। কারণ তা হবে যুদ্ধ হতে মুসলিমদের নিরাপদ আশ্রয়স্থল এবং শামের তাঁবু। সেখানে আরেকটি মনোমুগ্ধকর স্থান রয়েছে, যার নাম হলো 'গৃত্বাহ্'। [উক্ত হাদীস দুটি ইমাম আহমাদ (রহিমাহুল্লাহ) বর্ণনা করেছেন]

# ফুটনোট

য'ঈফ: মুসনাদে আহমাদ ১৭৫০৫; হাদীসটি য'ঈফ হওয়ার কারণ আবূ বাকর ইবনু আবূ মারইয়াম য'ঈফ।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (عَنْ رَجُّلِ) সাহাবীদের মধ্যকার এক ব্যক্তি। তার নাম জানা যায় না। কোন সাহাবীর নাম সম্পর্কে



বর্ণনাকারীর না অবগত হওয়া সাহাবীর মর্যাদার কমতি হয় না। কারণ সমস্ত সাহাবী ন্যায়পরায়ণ।
(وَمَشْقُ) অধিকাংশ ও বিশুদ্ধ মতে 'শাম' দেশের রাজধানীর নাম। এ নামকরণের কারণ সম্পর্কে বলা হয়েছে, এ শহরটি দিমাশক ইবনু নমরূদ ইবনু কিন'আন স্থাপন করেন। তাই তাঁর নামে এ শহরের নাম দিমাশক রাখা হয়। 'আযীয়ী বলেন, তিনি ইবরাহীম (আঃ) ও সারাহ্-এর ওপর ঈমান এনেছিলেন। যখন তাঁর পিতা নমরূদ ইবরাহীম (আঃ)-এর নিদর্শনসমূহ দেখতে পেয়েছিলেন, তখন তিনি ছেলেকে তাঁর কাছে প্রেরণ করেন।
(مَعْقِلُ الْمُسْلِمِينَ) যুদ্ধের সময় মুসলিমদের আশ্রয় নেয়ার জায়গা। যেখানে মুসলিম প্রবেশ করে আশ্রয় গ্রহণ করবে। যেমন আশ্রয় নেয় বকরি পাহাড়ের চূড়ায়। (আওনুল মা'বুদ - "জামি'উল কিতাবিত্ তিস্'আহ্" এ্যাপ, হা. ৪২৯৮; মিশকাতুল মাসাবীহ - মুম্বাই ছাপা, ৫ম খণ্ড, পৃ. ২৯৫)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন